বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ) ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিওএস সার্কুলার লেটার নং-২০

তারিখঃ ৩০ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
১৪ আগষ্ট, ২০১৮ খ্রিষ্টাব্দ

নির্বাহী প্রধান
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ আগামী ১৮ আগষ্ট, ২০১৮ তারিখ (শনিবার সাপ্তাহিক ছুটির দিন) খোলা রাখা প্রসংগে।**

আসন্ন ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানী বাণিজ্য সচল রাখার স্বার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোষাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ১৮ আগষ্ট, ২০১৮ তারিখ শনিবার পূর্ণ দিবস খোলা রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা পদান করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-
(মোঃ সিরাজুল ইসলাম)
মহাব্যবহাপক(চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০০৮১

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৮-২০১৯/৩৯৪

তারিখঃ ১৬/০৮/২০১৮ খ্রিঃ

**তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ আগামী ১৮ আগষ্ট, ২০১৮ তারিখ (শনিবার সাপ্তাহিক ছুটির দিন) খোলা রাখা প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন হতে ৩০ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ/১৪ আগষ্ট, ২০১৮ খ্রিঃ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২০ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ পরিপালন/অনুসরণের জন্য উপরে হুবহু মুদ্রণপূর্বক জারী করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার লেটার এর নির্দেশনার প্রেক্ষিতে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত অত্র ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ১৮ আগষ্ট, ২০১৮ তারিখ শনিবার পূর্ণ দিবস খোলা রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিভাগীয় মহাব্যবস্থাপকগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ব্যাংকের অন-লাইনভুক্ত শাখাসমূহে ট্রানজেকশন নিরবচ্ছিন্নভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী আগামী ১৮ আগষ্ট, ২০১৮তারিখ শনিবার অফিসে উপস্থিত থাকবেন।

০৩। উল্লেখ্য, ১৮ আগষ্ট, ২০১৮ সরকারী ছুটির দিন হওয়ায় ঐদিন কাজে যোগাদানকারী কর্মকর্তাদের জন্য জন প্রতি ৪০০/- টাকা এবং কর্মচারীদের জন্য জন প্রতি ৩০০/- টাকা হারে ভাতা প্রদান করা যাবে। তবে উক্ত তারিখে অফিসে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ কোন মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্য হবেন না।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

( মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫
তারিখঃ ১৬/০৮/২০১৮

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৮-২০১৯/৩৯৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা , বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

( মোঃ নিজামুল ইসলাম )
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২০

তারিখঃ ৩০ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
১৪ আগস্ট, ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ আগামী ১৮ আগস্ট, ২০১৮ তারিখ (শনিবার সাপ্তাহিক ছুটির দিন) খোলা রাখা প্রসঙ্গে**

আসন্ন ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানী বাণিজ্য সচল রাখার স্বার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক **আগামী ১৮ আগস্ট, ২০১৮ তারিখ শনিবার পূর্ণ দিবস খোলা রাখার** বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-
(মোঃ সিরাজুল ইসলাম)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)
ফোন ঃ ৯৫৩০০৮১